

AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date: 14.12.2024

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর –

- ১) লোকসভায় ভারতীয় সংবিধানের ৭৫ বছরের গৌরব যাত্রা উপলক্ষে দু-দিনের বিশেষ আলোচনায় আজ প্রধানমন্ত্রী অংশ নেবেন।
- ২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লিতে মুখ্য সচিবদের চতুর্থ জাতীয় সম্মেলনে পৌরোহিত্য করবেন।
- ৩) আর জি কর-এ তরুণী চিকিৎসকের ধর্ষণ ও হত্যা মামলায় হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ এবং টালা থানার ওসি অভিজিৎ মন্ডল, জামিন পেয়ে যাওয়ায় বিভিন্ন মহলে সমালোচনার ঝড় উঠেছে।
- ৪) রাজ্যের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা নেওয়া হবে ২৭-শে এপ্রিল রবিবার।
- ৫) পৌষের গোড়াতেই রাজ্যজুড়ে শীতের আমেজ আরও জাঁকিয়ে বসবে বলে আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে।
- ৬) আই এস এল ফুটবলে আজ মোহনবাগান কেরালা ব্লাস্টার্সের বিরুদ্ধে খেলবে।
- ৭৮-তম জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির মূল পর্বে বাংলা আজ জম্মু-কাশ্মীরের মুখোমুখি হবে।

oooooooooooooooooooooooo

লোকসভায় আজ ভারতীয় সংবিধানের গৌরব যাত্রার ৭৫ বছর নিয়ে দ্বিতীয় দিনের আলোচনা শুরু হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ লোকসভায় এই বিতর্কের জবাব দেবেন।

গতকাল এই আলোচনার সূত্রপাত করে প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বলেন, ভারতের সংবিধান দেশের সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক এবং সাংস্কৃতিক জীবনকে ছুঁয়ে গেছে। মূল্যবোধের প্রতিফলন ঘটেছে এখানে। কংগ্রেস দলের তীব্র বিরোধিতা করে শ্রী সিং বলেন, ঐ দল বরাবর সংবিধানের মূল ভাবনাকে ক্ষুণ্ণ করেছে।

(বাইট- রাজনাথ)

আলোচনায় অংশ নিয়ে তৃণমূল কংগ্রেসের মহুয়া মৈত্র দেশবাসীর গনতান্ত্রিক ও সাংবিধানিক অধিকার রক্ষায় বিজেপি সরকার ব্যর্থ বলে অভিযোগ তোলেন।

(বাইট- মহুয়া)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লিতে মুখ্য সচিবদের চতুর্থ জাতীয় সম্মেলনে পৌরোহিত্য করবেন। এই সম্মেলনের উদ্দেশ্য হল, কেন্দ্র ও রাজ্যের মধ্যে অংশীদারিত্ব আরও মজবুত করার পাশাপাশি সহযোগিতামূলক যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থাকে আরও পরিসিলিত করা এবং দ্রুত বৃদ্ধি ও উন্নয়নের লক্ষ্য অর্জনে উন্নত সমন্বয় সুনিশ্চিত করা। মুখ্য সচিবদের জাতীয় সম্মেলন প্রথম অনুষ্ঠিত হয় ২০২২ সালের জুন মাসে। ২০২৩-এর জানুয়ারীতে দ্বিতীয় এবং গত বছরের ডিসেম্বর মাসে নতুন দিল্লিতে তৃতীয় সম্মেলন অনুষ্ঠিত হয়। আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য সচিব ও শীর্ষ আধিকারিকরা এই সম্মেলনে উপস্থিত থাকবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি রাজ্যে বিধানসভা নির্বাচনের আগে ভোটার তালিকা সংশোধন করার দাবি জানিয়েছে। রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের নেতৃত্বে বিজেপির তিন সদস্যের এক প্রতিনিধি দল গতকাল দিল্লিতে নির্বাচন কমিশনে এই দাবি জানায়। পরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে শ্রী মজুমদার অভিযোগ করেন, রাজ্যে বিজেপি কর্মীরা নির্বাচনী তালিকা খতিয়ে দেখেছে। সেখানে একই ব্যক্তির দু বার নাম পাওয়ার ঘটনা ১৭লক্ষ ১৪হাজার ৬৬। এরমধ্যে প্রায় ৩৩হাজার একই এপিক নম্বরে একই ব্যক্তির দুটি বিধানসভা কেন্দ্রে নাম রয়েছে। দ্বিতীয় ক্ষেত্রে ১৬লক্ষের বেশি এপিক নম্বর পৃথক হলেও নাম,ঠিকানা একই রয়েছে। এছাড়া বিশেষ কিছু এলাকায় ১৮বছর বয়স পূর্ণ না হলেও ১৪থেকে ১৫বছর বয়সীদের নাম ভোটার তালিকায় তোলা হচ্ছে। শ্রী মজুমদার বলেন, শাসক দল তৃণমূল কংগ্রেস জেতার জন্য এই ধরনের ফন্দি করেছে। তাই রাজ্যে অবাধ ও সুষ্ঠু নির্বাচন করতে আগামী বিধানসভা নির্বাচনের আগে এই ভোটার তালিকা সংশোধনের জন্য নির্বাচন কমিশনের কাছে দাবি জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হয়ে রাজ্যসভায় যাচ্ছেন ঋতব্রত বন্দ্যোপাধ্যায়। জহর সরকারের ছেড়ে যাওয়া আসনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয় পেয়েছেন তিনি। রাজ্যসভা নির্বাচনে মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন ছিল গতকাল। কিন্তু একটি মাত্র মনোনয়ন জমা পড়ায় বিনা প্রতিদ্বন্দ্বিতায় তৃণমূল কংগ্রেস প্রার্থীকে জয়ী বলে ঘোষণা করা হয়।

আর জি করকাণ্ডের প্রেক্ষিতে রাজ্যসভায় তৃণমূলের সাংসদ পদ ছাড়েন জহর সরকার। এরপর ৭ ডিসেম্বর জহর সরকারের ছেড়ে যাওয়া আসনে ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের নাম ঘোষণা করে তৃণমূল। ১৩ ডিসেম্বর শুক্রবার বিনা প্রতিদ্বন্দ্বিতায় ঋতব্রতকেই জয়ী ঘোষণা করা হয়। ২০১৪-য় ঋতব্রত বন্দ্যোপাধ্যায়কে রাজ্যসভায় পাঠিয়েছিল সিপিএম। কিন্তু দলে শৃঙ্খলাভঙ্গের অভিযোগে ২০১৭-য় তাঁকে সিপিএম থেকে বহিস্কার করা হয়। দল বিতাড়িত করলেও ২০২০ পর্যন্ত সাংসদ ছিলেন ঋতব্রত। এরপর তৃণমূলে যোগ দিয়েছিলেন।

এরপর তাঁকে তৃণমূলের শ্রমিক সংগঠন আইএনটিটিইউসি-র রাজ্য সভাপতির দায়িত্ব দেওয়া হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০

আমাদের সংবাদ শোনা যাবে ইউটিউব চ্যানেল আকাশবাণী সংবাদ বাংলা, ফেসবুক ও ইন্সটাগ্রাম আকাশবাণী সংবাদ কলকাতা, এবং এক্স হ্যান্ডেল এ আই আর নিউজ কলকাতাতে।

০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর-এ তরুণী চিকিৎসকের ধর্ষণ ও হত্যা মামলায় হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ এবং টালা থানার ওসি অভিজিৎ মন্ডল, জামিন পেয়ে যাওয়ায় বিভিন্ন মহলে সমালোচনার ঝড় উঠেছে। এই জামিন ন্যায় বিচারের প্রতি জঘন্য উপহাস বলে এস ইউ সি আই মত প্রকাশ করে। দলের সাধারণ সম্পাদক প্রভাস জানান, কেন্দ্র ও রাজ্য সরকারের যোগ সাজসেই যে সিবিআই যথাযথ চার্জশিট গঠন করেনি, এই ঘটনা তা প্রমাণ করে দিয়েছে। প্রদেশ কংগ্রেস মেডিকেল সেলও জামিনের তীব্র প্রতিবাদ জানায়। নিন্দা করেছে পাঁচটি ডাক্তার সংগঠনের যৌথ মঞ্চ জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্স।

অন্যদিকে, পশ্চিমবঙ্গ জুনিয়ার ডক্টর্স, ফ্রন্টের পক্ষ থেকে ডাক্তার অনিকেত মাহাতো, গতকাল এক সংবাদিক সম্মেলনে বলেন, এই ব্যর্থতার দায় সিবিআই-কে নিতে হবে।।

(বাইট – অনিকেত)

সন্দীপ ও অভিজিৎের জামিন , ২ জনের বিরুদ্ধে সাপ্লিমেন্টারি চার্জশিট জমা দিতে সিবিআই-এর ব্যর্থতা এবং আর্থিক দুর্নীতি মামলায় সন্দীপ ঘোষের বিরুদ্ধে চার্জশিট পেশ করার ব্যাপারে রাজ্য সরকার অনুমতি না দেওয়ার প্রতিবাদ জানিয়েছে

আজ রানী রাসমণি অ্যাভিনিউ-এ জে পিডি এবং অভয়া মঞ্চের পক্ষ থেকে প্রতিবাদী গণ জমায়েত এবং কুশপুত্তলিকা দেহনের ডাক দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

আগেই জানানো হয়েছে, আর জি কর মেডিকেল কলেজ ও হাসপাতালের চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ ও খুনের ঘটনায় গতকাল জামিন পেয়েছেন হাসপাতালের তৎকালীন অধ্যক্ষ সন্দীপ ঘোষ। একই সঙ্গে জামিন পেয়েছেন টালা থানার প্রাক্তন ওসি অভিজিৎ মণ্ডলও। শিয়ালদহের সিবিআই আদালত এই নির্দেশ দিয়েছে। ৯০ দিন পরেও সিবিআই চার্জশিট জমা দিতে না পারায় জামিন পেয়েছেন এই দু'জন। ২০০০ টাকার ব্যক্তিগত বন্ডে তাদের জামিন মঞ্জুর করেছে আদালত।

উল্লেখ্য, আর জি কর হাসপাতালের আর্থিক দুর্নীতিকাণ্ডের তদন্তে নেমে সন্দীপকে গ্রেফতার করেছিল সিবিআই। পরে গত ১৫ সেপ্টেম্বর তাঁকে চিকিৎসকের ধর্ষণ ও খুনের মামলায় প্রমাণ লোপাটের অভিযোগে গ্রেফতার দেখায় সিবিআই। অভিজিৎ জামিনে ছাড়া পেলেও সন্দীপকে এখনোও জেলেই থাকতে হবে।

০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, এই মামলায় ধৃত সন্দীপ ঘোষ ও অভিজিত মন্ডল জামিন পেয়ে যাওয়ায় তারা চূড়ান্তভাবে হতাশ বলে নির্যাতিতার মা জানিয়েছেন। সিবিআই ঠিক মত কাজ করতে পারে নি, তাই অভিযুক্তদের জামিন হল বলে সাংবাদিকদের কাছে অভিযোগ করেন নির্যাতিতার মা।

বাইট

০০০০০০০০০০০০০০০০০০০০

মূর্শিদাবাদের ফরাঙ্কায় নাবালিকাকে ধর্ষণ-খুনের ঘটনায় জঙ্গিপুর আদালত একজনকে ফাঁসীর আদেশ দিয়েছে। অন্য জনের যাবজ্জীবন কারাবাসের নির্দেশ দিয়েছেন বিচারক। পাশাপাশি মৃত্যুর পরিবারকে ১০ লক্ষ টাকা ক্ষতিপূরণেরও নির্দেশ

দেওয়া হয়। দু'মাসের মধ্যে বিচার শেষ করে গত বৃহস্পতিবারই দুই অভিযুক্ত দীনবন্ধু হালদার এবং শুভজিৎ হালদারকে দোষী সাব্যস্ত করেছিল। গতকাল রায় ঘোষণা করা হয়। দীনবন্ধু হালদারের ফাঁসির সাজা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা নেওয়া হবে আগামী ২৭ এপ্রিল, রবিবার। গতকাল এক বিজ্ঞপ্তিতে ২০২৫ সালের পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা দিনক্ষন ঘোষণা করা হয়।

এজন্য অনলাইন আবেদন প্রক্রিয়া শুরু হবে শীঘ্রই। পরীক্ষার জন্য আবেদন করতে হবে WBJEEB-এর অফিসিয়াল ওয়েবসাইট www.wbjeeb.nic.in অথবা, www.wbjeeb.in-এ।

উল্লেখ্য, জয়েন্ট পরীক্ষার মাধ্যমে পশ্চিমবঙ্গের বিভিন্ন কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে বিজ্ঞান, প্রযুক্তি, ইঞ্জিনিয়ারিং, কৃষিবিদ্যা, ফার্মাসি, আর্কিটেকচার ইত্যাদি বিষয়ে ভর্তির সুযোগ পান ছাত্রছাত্রীরা। পরীক্ষার আবেদনপত্র পূরণ করার সময়ে সংশ্লিষ্ট সমস্ত শর্তাবলী এবং প্রয়োজনীয় নথিপত্র যাচাই করে তা জমা দিতে হবে ছাত্রছাত্রীদের।

০০০০০০০০০০০০০০০০০০০০০

পৌষের গোড়াতেই রাজ্যজুড়ে শীতের আমেজ আরও জাঁকিয়ে বসবে বলে আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে। শুষ্ক উতুরে হাওয়া অবাধে রাজ্যে প্রবেশ করায় চলতি সপ্তাহের প্রথম দিক থেকেই ধাপে ধাপে পারদ পতন হচ্ছিল। আলিপুর আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় অধিকর্তা সোমনাথ দত্ত জানান, আগামী কয়েকদিন তাপমাত্রা ১৫ ডিগ্রী সেলসিয়াসের নীচেই থাকবে। দেওয়া হয়েছে শৈত্য প্রবাহের সতর্কতা।

(বাইট – সোমনাথ দত্ত)

কলকাতায় সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৪ ডিগ্রী সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ২ দশমিক ১ ডিগ্রী কম।

দার্জিলিং পাহাড়কে টেক্কা দিয়ে পশ্চিমের জেলাগুলির তাপমাত্রা হু হু করে কমছে। সমতলে সবচেয়ে শীতল পুরুলিয়া জেলা।

০০০০০০০০০০০০০০০০০০০০

যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট,কেরালা ব্লাস্টারসের বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

মোহনবাগান ১০ ম্যাচে ২৩ পয়েন্ট নিয়ে লিগ তালিকার শীর্ষে আছে। কেরালা ১১ ম্যাচে ১১ পয়েন্ট পেয়ে দশম স্থানে রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

৭৮ তম জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির মূল পর্বের প্রতিযোগিতা আজ তেলেঙ্গানায় শুরু হচ্ছে। বাংলা আজ গ্রুপ লীগের প্রথম ম্যাচে জম্মু ও কাশ্মীরের মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায় দুটি গ্রুপে ১২ টি দল খেলবে।

গ্রুপে এ, তে অন্য দল গুলি হলো সার্ভিসেস, মণিপুর, তেলেঙ্গানা, ও রাজস্থান। গ্রুপ বি, তে আছে গোয়া, দিল্লি, কেরালা, তামিলনাড়ু, ওড়িশা ও মেঘালয়। ফাইনাল ৩১ শে ডিসেম্বর।

০০০০০০০০০০০০০০০০০০০০০